প্রতিমাশিল্পীর শৈল্পিক ছোঁয়ায় জীবন্ত হয়ে উঠছেন প্রতিমা

হিন্দু ধর্মাবলম্বীদের শারদোৎসব কড়া নাড়ছে বাঙালিদের দরজায়। আর মাত্র কয়েকদিন বাকি। শারদীয় দুর্গাপূজা উপলক্ষে এরই মধ্যে প্রতিমালয়ে চলছে বিশাল কর্মযজ্ঞ। শিল্পীদের তুলির ছোঁয়ায় পূর্ণরূপ পাচ্ছেন দৃষ্টিনন্দন সব প্রতিমা।

উৎসবের পূর্ণতা পায় যাদের হাতে, সেই প্রতিমাশিল্পীরদের এখন সময় কাটছে ব্যস্ততার মধ্য দিয়ে।

দক্ষ প্রতিমা কারিগররা দিন-রাত পুজা মন্ডপে নিরলসভাবে কাজ করেই চলেছেন। এসব শিল্পীদের হাতের শৈল্পিক ছোঁয়ায় জীবন্ত হয়ে উঠছেন প্রতিমা।

মায়ের প্রতিমা গড়তে গিয়ে দম ফেলার ফুরসত নেই এসব কারিগরদের। দুর্গা, লক্ষ্মী, সরস্বতী, কার্তিক, গণেশ আর মহিষাসুর সঙ্গে দেবীর বাহন সিংহ এখন হয়ে উঠেছেন জীবন্ত।

মেহেরপুর জেলায় এবছর ৩৮ টি পুজা মন্ডপ তৈরী হয়েছে।

আগামি ২৫ সেপ্টেম্বর মহালয়ার ভোরে চণ্ডীপাঠ শোনার অপেক্ষায় হিন্দু ধর্মালম্বী ভক্তকূল।

শিশির ভেজা দুর্বা ঘাসের ওপর ঝরে পড়া শিউলি কুড়ানোর সময়টায় মাতৃবন্দনায় মিলিত হবেন হিন্দু ধর্মালম্বী ভক্তকুল।

তাই উৎসবের পূর্ণতা পায় যাদের হাতে, সেইসব প্রতিমাশিল্পীর এখন কাটছে ব্যস্ত সময়। প্রতিমাশিল্পীদের ব্যস্ততা টের পাওয়া যায় মেহেরপুর শহরের কালীমন্দির, গাংনী শহরের কালীমন্দিরসহ জেলার বিভিন্ন পুজা মন্ডপে গিয়ে। প্রতিমাশিল্পী তৈরি করা হয়েছে দুর্গার কাঠামো।

সহযোগীরা ব্যস্ত লক্ষ্মী, সরস্বতী, কার্তিক, গণেশ প্রতিমা গড়তে। ব্যস্ততার এ চিত্র চোখে পড়ে নগরের সব প্রতিমালয়ে।

মেহেরপুর বিভিন্ন এলাকায় ৩৮ টি প্রতিমালয় রয়েছে। এর মধ্যে মেহেরপুর শহরের কালী মন্দির, হরিসভা, হালদারপাড়া সার্বজনীন পুজা মন্ডপ, বামনপাড়া পুজা মন্ডপ, গাংনী উপজেলা শহরের কেন্দ্রীয় পুজা মন্ডপ, চৌগাছা দাসপাড়া পুজা মন্ডপ, গাংনী দাসপাড়া পুজা মন্ডপ, আমতৈল পুজামন্ডপ, মানিকদিয়া পুজা মন্ডপ, সিমুলতলা পুজা মন্ডপ, বেতবাড়িয়া, বাওট, বামন্দী ষোলটাকা, চেংগাড়াসহ বিভিন্ন এলাকায় একটি করে প্রতিমালয় আছে।

পঞ্জিকা অনুসারে, ১ অক্টোবর ষষ্ঠী তিথিতে শারদীয় দুর্গাপূজার মূল আনুষ্ঠানিকতা শুরু হবে। ২ অক্টোবর সপ্তমী, ৩ অক্টোবর মহাঅষ্টমী, ৪ অক্টোবর মহানবমী ও ৫ অক্টোবর বিজয়া দশমী।

মেহেরপুর সদর থানা পুলিশের অভিযানে ৩ আসামি গ্রেফতার

মেহেরপুর সদর থানা পুলিশের গত ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে ৩ জন আসামি গ্রেফতার হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল থেকে আজ বুধবার (২১ সেপ্টেম্বর) ভোররাত পর্যন্ত সদর উপজেলার বিভিন্ন গ্রামের অভিযান চালিয়ে নিয়মিত মামলার ৩ আসামি গ্রেফতার করে পুলিশ।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

এসময় মাদক উদ্ধার ও মারামারির ঘটনায় ৪ টি মামলা রেকর্ড করা হয়েছে।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন। তিনি বলেন, গ্রেফতারকৃতদের আজ বুধবার (২১ সেপ্টেম্বর) দুপুরের দিকে আদালতে সোপর্দ করা হয়েছে।

[redacted]

[redacted]

বানিয়াপুকুর গ্রামের প্রধান মাতব্বর শরিয়ত জানান, গ্রামের লোকজন জুবায়েরের বিরুদ্ধে নানা অভিযোগ তুলে ধরে বিচার সালিশ বসিয়েছে তাই সামাজিক ভাবে তার বিচার করা হয়েছে। গ্রাম্য বিচারে আদায়কৃত টাকা কী কাজে ব্যবহার করা হবে জানতে চাইলে তিনি সামাজিক উন্নয়নের কাজে ব্যবহার করা হবে বলেও জানান তিনি। সালিশীতে একলাখ টাকা জরিমানা করতে পারে কি না? এমন প্রশ্নের জবাব মেলেনি।

ষোলটাকা গ্রামের সাবেক মেম্বর ময়নাল হক জানান, তিনিসহ ষোলটাকা গ্রামের লোকজন জুবায়েরকে নিতে এসেছিলাম কিন্তু বানিয়াপুকুর গ্রামের সমাজপতিরা জুবায়েরকে না দিয়ে জরিমানা করেছে এবং মুচলেকা লিখে নেয়। ঘটনাস্থলে পুলিশ থাকার পরও কিভাবে সালিশের নামে মারধর করে তা বোধগম্য নয়। সমাজপতিরা যে মোটা টাকা জরিমানা করেছে তা সম্পুর্ণ অবৈধ।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, জুবায়ের হোসেনের দায়ের করা মামলাটি আমলে নিয়ে ঘটনার সত্যতা পাওয়ায় ইতোমধ্যে তিনজনকে গ্রেপ্তার করেছেন। আসামীদেরকে বুধবার দুপুরে মেহেরপুর আদালতে প্রেরণ করা হয়। অন্যান্য আসামীদেরকে গ্রেপ্তারের চেষ্টা চলছে বলেও জানান ওসি।

মেহেরপুরে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে নিহত ১

মেহেরপুরের গাংনী – কাথুলী সড়কের চৌগাছা এতিমখানার সন্নিকটে দুটি মোটর সাইকেলের মুখোমুখি সংঘর্ষে সুজন আলী (২৫) নামের এক টাইল্স মিস্ত্রি নিহত হয়েছেন।

আজ বুধবার সকাল সাড়ে ১০টার দিকে এ ঘটনাটি ঘটে। নিহত সুজন আলী গাংনীর চৌগাছা হলপাড়ার রতন আলীর ছেলে।

স্থানীয়রা জানান, টাইল্স মিস্ত্রি সুজন আলী নিজ বাড়ি চৌগাছা থেকে কাজের উদ্দেশ্যে সাহারবাটি যাচ্ছিল। ঘটনাস্থলে পৌঁছানোর সময় সে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে দুটি মোটর সাইকেলের

মুখোমুখি সংঘর্ষ হয় এসময় রাস্তার উপর ছিটকে পড়ে তার মৃত্যু ঘটে। দুমড়ে মুচড়ে যায় তার মোটরসাইকেলটি দুটি। পথচারীরা সুজনকে উদ্ধার করে গাংনী স্বাস্থ্য কমপ্লেক্সে আনলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, ঘটনা স্থলে পুলিশ পাঠানো হয়েছে। বিষয়টি ক্ষতিয়ে দেখা হচ্ছে । তবে মোটর সাইকেল দুটি জব্দ করা হয়েছে।

অনলাইন জুয়ার এজেন্ট প্রসেনজিতের সহযোগীদের আদালতে জবাবনবন্দী প্রদান

মেহেরপুরে আটক অনলাইন জুয়ার মাস্টারমাইণ্ড প্রসেনজিৎ হালদারের দুই সহযোগী স্বাীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে আদালতে।

গতকাল মঙ্গলবার বিকালে সিনিয়র জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেট তরিকুল ইসলামের খাসকামরায় হাজির করা হলে তারা স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেন।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি) ওসি সাইফুল আলম জানান, বিজ্ঞ ম্যাজিষ্ট্রেটের খাসকামরায় হাজির করা হলে তারা আদালতে ১৬৪ ধারায় স্বীকারোক্তিমূলক জবানবন্দী দিয়েছে। পরে বিজ্ঞ ম্যাজিষ্ট্রেট তাদের জেলা হাজতে প্রেরণ করেন।

এর আগে সোমবার অনলাইন জুয়ার মাষ্টারমাইন্ড কোমরপুর গ্রামের মধু হালদারের ছেলে প্রসেনজিৎ হালদার (২৫) ও চা বিক্রেতা নজরুল ইসলামের ছেলে সুমন আলী (২৪) কে গ্রেফতার করেছে। পরে মোস্তাফিজুর রহমান সুমন নামের আরো এক এজেন্টকে আটক করে পুলিশ। তাদের কাছে থেকে দুটি সিম ও নগদ দুই লাখ এক হাজার টাকা উদ্ধার করা হয়েছে।

জানা গেছে, অনলাইন জুয়ার মাষ্টার মাইন্ড প্রসেনজিৎ হালদারের দুটি সাইট সাইট আছে। এই সাইট দুটি চালান সুমন আলী। দুটি সাইটের একটিতে

প্রতিদিন ১০ থেকে ১২ লাখ টকা এবং অপরটি থেকে ৫ থেকে ৬ লাখ টাকার জুয়া খেলা হয়ে থাকে।

সাইট দুটির মালিক এলাকার অনলাইন জুয়ার মাষ্টার মাইন্ড প্রসেনজিৎ হালদার। এছাড়া তাদের সাথে আরো কয়েকজন জুয়াড়ি যুক্ত আছেন বলে জানিয়েছেন এই দুই জুয়াড়ি।

মেহেরপুরের বিস্তীর্ণ সবজির মাঠে তামাকের বীজতলা

‘সবজির থেকে কি তামাকের পুষ্টিগুণ (অর্থনৈতিক বিবেচনায়) বেশি? এমন প্রশ্ন যদি কিছু লোভী চাষীদের করেন তাহলে উত্তর আসবে হ্যাঁ। আর এসকল চাষীদের আরো প্রলোভন দিয়ে প্রণোদনার মাধ্যমে সবজির জমিতে তামাক চাষ করিয়ে নিচ্ছেন তামাক কোম্পানীগুলো।

সবজির ভান্ডার খ্যাত মেহেরপুর জেলার বিস্তীর্ণ সব্জীর মাঠে এখন চলছে তামাকের বীজতলা প্রস্তুতের কাজ। মেহেরপুর জেলা জুড়ে এখন প্রস্তুতি নিচ্ছেন এই তামাক চাষের। মাঠের পর মাঠ এখন ছেয়ে গেছে মাদকের সিঁড়ি তামাকের বীজতলাতে। অথচ আজ থেকে ১০ বছর আগেও এ চিত্র দেখা যেত না।

অথচ তামাক চাষে জমির উর্বরতা কমে, চাষীদের শারিরীক ক্ষতির পরিমাণ কোন অবস্থায় যায় তার কোন হিসেবে তারা বোঝে না।

স্থানীয় কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও জেলা প্রশাসনের নাকের ডগায় এগুলো করলেও তারা রয়েছে দর্শকের ভূমিকায়। আর প্রশাসনের নির্লিপ্ততাই বৃটিশ আমেরিকান টোব্যাকো ও জাপান টোব্যাকো কোম্পানি চাষিদের বীজ, সার বিষ ও কীটনাশক লোন দিয়ে তামাক চাষে বাড়তি সুবিধা দিচ্ছেন।

কৃষি বিভাগ ও জেলা প্রশাসনের নজরদারি না থাকায় জেলা থেকে দিন দিন অর্থকারী ফসল চাষ থেকে মুখ ফিরিয়ে নিচ্ছেন কৃষকরা। ফলে হুমকির মুখে পড়ছে খাদ্য শষ্য উৎপাদন।

[redacted]

[redacted]

দামুড়হুদায় ১৫ টাকা কেজি দরে চাউল বিক্রি উদ্বোধন

শেখ হাসিনার বাংলাদেশ, ক্ষুধা হবে নিরুদ্দেশ ” এই শ্লোগানকে গানকে সামনে রেখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের দেওয়া খাদ্য বান্ধব কর্মসূচির আওতায় দামুড়হুদা সদর ইউনিয়নের ০৪ টি ডিলারের মাধ্যমে খাদ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত অনলাইনকৃত ২৪২৭ জন কার্ডধারী হতদরিদ্রদের মাঝে স্বল্পমূল্যে ১৫ টাকা কেজি দরে খাদ্য শস্য (চাউল) বিতরণের শুভ উদ্বোধন করেন,দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী।

গতকাল মঙ্গলবার সকাল ৯ টার দিকে দামুড়হুদা সদর ইউনিয়নের উজিরপুর গাংপাড়ায়। এসময় চেয়ারম্যান হযরত আলী বলেন, মানবতার জননী হিসেবে পরিচিত প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি হতদরিদ্র মানুষের পাশে সবসময় থেকেছেন। সারাবিশ্ব যখন খাদ্য নিরাপত্তা নিয়ে চিন্তিত, তখন বাংলাদেশে কোন সংকট নেই। খাদ্যবান্ধব কর্মসূচি ২০১৬ সাল থেকে চালু রয়েছে। দুর্যোগময় পরিস্থিতিতে মানবিক প্রধানমন্ত্রী এই কর্মসূচির আওতায় দেশের ৫০ লাখ মানুষকে ১৫ টাকা কেজি দরে ভর্তুকির মাধ্যমে চাল দিচ্ছেন।

এসময় আরো উপস্থিত ছিলেন সদর ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক মোঃ ইকরামুল হক,যুবলীগ নেতা রিংকু,মোশারেফ হোসেন মুছা সহ নেতৃবৃন্দ।

দামুড়হুদায় জেলা পরিষদের

চেয়ারম্যান প্রার্থীর মতবিনিময়

আসন্ন চুয়াডাঙ্গা জেলা পরিষদ নির্বাচন উপলক্ষে কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও মেম্বারদের সাথে নির্বাচনি মতবিনিময় করেন চুয়াডাঙ্গা জেলা পরিষদের আওয়ামীলীগের মনোনীত চেয়ারম্যান প্রার্থী মাহফুজুর রহমান মনজু।

আজ মঙ্গলবার বিকাল ৫ টার দিকে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও সাবেক চেয়ারম্যান সহিদুল ইসলাম, জেলা যুবলীগের আহবায়ক নঈম হাসান জোয়ার্দ্দার, উপজেলা আওয়ামী লীগ নেতা আতিয়ার রহমান হাবু, কার্পাসডাঙ্গা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারন সম্পাদক নজির আহম্মেদ, যুগ্নসাধারন সম্পাদক আব্দুস সালাম বিশ্বাস, সাংগঠনিক সম্পাদক জাহিদুর রহমান মুকুল, মখলেছুর রহমান রিপন, বিশিষ্ট ব্যবসায়ী আব্দুল মালেক, আঃ লীগ নেতা শহিদুল সর্দ্দার, ইদ্রিস আলি, আব্দুল বারি, আমির হোসেন, দর্শনা পৌর কাউন্সিলার সাব্বির হোসেন মিকা, পৌর কাউন্সিলর বিল্লাল হোসেন, শ্রমিক লীগ নেতা শহিদ বিশ্বাস, কার্পাসডাঙ্গা প্রেসক্লাবের সাধারন সম্পাদক আতিয়ার রহমান, যুবলীগ নেতা এসএম মহাসিন আলী, শরীফুজ্জামান শরীফ, বখতিয়ার খলজি বকুল, মন্টু, হাতেম আলী, ঝন্টু, ইঞ্জিঃ তছিম উদ্দিন, কার্পাসডাঙ্গা ইউপির সকল সদস্যসহ আঃ লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ।

মেহেরপুরে পুলিশের অভিযানে সাজাপ্রাপ্তসহ ১০ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের ২৪ ঘন্টার নিয়মিত অভিযানে আদালতের পরোয়ানাভূক্তসহ নিয়মিত মামলার ১০ জন আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলায় ৩ ও পুরানো মামলার ২ আসামিসহ ৫ জন, সদর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত সিআর মামলার ৩ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে পরোয়ানাভূক্ত জিআর মামলায় সাজাপ্রাপ্ত ১ আসামিসহ ২ জনকে গ্রেফতার করে।

সোমবার সকাল থেকে আজ মঙ্গলবার (২০ সেপ্টেম্বর) পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করে পুলিশ।

পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টিম অভিযানে অংশ নেন।

এদিকে গত ২৪ ঘন্টায় তিনটি থানায় দুটি চুরির, একটি ধর্ষণ চেষ্টাসহ ৪ টি মামলা রেকর্ড করা হয়েছে।

আজ মঙ্গলবার (২০ সেপ্টেম্বর) দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দকরা হয়েছে।